# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 19 April, 2025

রাজবাড়ীর গোয়ালন্দে সিয়াম মন্ডল (১১) নামে এক মাদ্রাসাছাত্র আত্মহত্যা করেছে বলে অভিযোগ পাওয়া গেছে। শুক্রবার সন্ধ্যার দিকে উপজেলার ছোটভকলা ইউনিয়নের চরবরাট এলাকার নিজ বাড়িতে এ ঘটনাটি ঘটে।মৃতের পরিবারের দাবি, মাদ্রাসায় যেতে অতিরিক্ত চাপ দেওয়ায় গলায় ফাঁস নিয়ে আত্মহত্যা করেছে সিয়াম।

সিয়াম চরবরাট এলাকার জয়নাল মন্ডলের ছেলে। রাজবাড়ী সদর উপজেলার এলাইল ফুরকানিয়া হাফিজিয়া মাদ্রাসায় পড়ত তিনি।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, হাফেজ বানানোর আশা নিয়ে অভিভাবকরা সিয়ামকে তিন বছর আগে মাদ্রাসায় ভর্তি করে দেয়। কিন্তু পড়াশোনায় তিনি খুবই অমনোযোগী ছিল। মাদ্রাসায় থাকতে তার ভালো লাগত না।মাঝে মধ্যেই তিনি পালিয়ে বাড়ি চলে আসত।এতে করে বাবা-মা তার ওপর ক্ষিপ্ত হয়ে বকাঝকার পাশাপাশি মারধর করত।

বৃহস্পতিবার বিকালে ছুটিতে বাড়ি আসে সিয়াম।শুক্রবার বিকালে বাবা-মা তাকে মাদ্রাসায় ফেরত যেতে বলে।কিন্তু তিনি মাদ্রাসায় যেতে অনীহা প্রকাশ করে।এ সময় ছেলেকে বকাঝকা করে সিয়ামের মা-বাবা। এতে করে মনোক্ষুন্ন হয়ে সিয়াম সন্ধ্যার পর তাদের গোয়ালঘরে আড়ার সঙ্গে ফাঁস নিয়ে আত্মহত্যা করে। সংবাদ পেয়ে গোয়ালন্দ ঘাট থানা পুলিশের একটি দল ঘটনাস্থলে গিয়ে লাশ উদ্ধার করে।একইসঙ্গে সুরতহাল রিপোর্ট তৈরি করেন।

গোয়ালন্দ ঘাট থানার ওসি মো. রাকিবুল ইসলাম বলেন, ‘মৃতের বাবার আবেদনের প্রেক্ষিতে লাশ ময়নাতদন্ত ছাড়াই পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।শনিবার পারিবারিকভাবে স্থানীয় কবরস্থানে তাকে দাফন করা হয়।

তিনি আরও বলেন, ‘শিশুদের ইচ্ছার বিরুদ্ধে তাদের ওপর অভিভাবকদের ইচ্ছে চাপিয়ে দেওয়া খুবই খারাপ কাজ।এটা কখনোই ভাল ফলাফল বয়ে আনে না।

আত্মহত্যা মাদ্রাসাছাত্র রাজবাড়ী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:22

URL: https://www.timestodaybd.com/across-the-country/7758071044